

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ,  
গাজীপুর।

স্মারক নং-৫৯.১৪.০০০০.১৪৭.১০২.৯৯-২৩-

তারিখঃ- /১১/২০২৪ খ্রিঃ

### নোটিশ

সংযুক্ত পত্রের মর্মাথ অনুযায়ী সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

স্বাঃ

(অধ্যাপক ডাঃ মোঃ আজিজুল হক )

অধ্যক্ষ

শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ,  
গাজীপুর।

ফোন-০২২২৪৪২৩৩০৬

E-mail-stamc@ac.dghs.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১৪৭.১০২.৯৯.২৩- ৩২৩৭ (০৫)

তারিখঃ- ২২/১১/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।
- ০২। পরিচালক, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।
- ০৩। বিভাগীয় প্রধান ----- (সকল), শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর।
- ০৫। নোটিশ বোর্ড, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর।



অধ্যক্ষ

শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ,  
গাজীপুর।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২  
[www.dgme.gov.bd](http://www.dgme.gov.bd)

### গবেষণা প্রস্তাব আহবান

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের আওতায় রাজস্ব বাজেটে ২০২৪-২০২৫ অর্থবছরে স্বাস্থ্য বিজ্ঞান বিষয়ে গবেষণা কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে সকল সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট/ইউনানী/আয়ুর্বেদিক/হোমিওপ্যাথি মেডিকেল কলেজ/পোস্ট গ্রাজুয়েট মেডিকেল ইনস্টিটিউট/Allied চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান সহ অন্যান্য সরকারি প্রতিষ্ঠানে কর্মরত চিকিৎসকদের গবেষণা প্রস্তাবনা (Research Protocol) আহবান করা যাচ্ছে।

গবেষণার বিষয়াবলি: ১. মেডিকেল/ডেন্টাল/এলাইড হেলথ প্রফেশনাল শিক্ষা ব্যবস্থা ২. স্বাস্থ্য শিক্ষা ব্যবস্থাপনা (প্রশাসনিক/অর্থনৈতিক) ৩. বেসিক মেডিকেল সাইন্স ৪. পাবলিক হেলথ ৫. বায়োমেডিকেল টেকনোলজি ৬. মেডিকেল সেন্টরে এ আই/আইসিটি ব্যবহার ৭. পুষ্টি ৮. জলবায়ুর পরিবর্তন ও পরিবেশ ৯. জনসংখ্যা ও প্রজনন স্বাস্থ্য ১০. মানসিক স্বাস্থ্য ১১. Clinical studies on communicable & non communicable diseases ১২. চিকিৎসা/স্বাস্থ্য শিক্ষা পরিবেশ ১৩. প্রফেশনালিজম ইন মেডিকেল এডুকেশন ১৪. Medical ethics ১৫. Behavioral science ১৬. Alternative medical science ১৭. Curriculum development

#### ২। আবেদনের শর্তাবলি:

ক. গবেষকগণকে বাংলাদেশি নাগরিক হতে হবে এবং বাংলাদেশে অবস্থান করতে হবে। আবেদনের সাথে

আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে।

খ. গবেষণাটি বাংলাদেশে পরিচালনা করতে হবে।

গ. গবেষকগণকে নিএমডিসি স্বীকৃত গ্রাজুয়েট ডিগ্রিধারী চিকিৎসক হতে হবে।

ঘ. প্রধান গবেষককে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট/ইউনানী/আয়ুর্বেদিক/হোমিওপ্যাথি মেডিকেল কলেজ/পোস্ট গ্রাজুয়েট মেডিকেল ইনস্টিটিউট/Allied চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান/অন্যান্য সরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকতে হবে।

ঙ. Research Protocol Proforma (PP) অনুযায়ী গবেষণা প্রস্তাব ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি/দলিল সন্নিবেশিত করতে হবে। অসম্পূর্ণ আবেদন/গবেষণা প্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

চ. প্রধান গবেষকের পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (পাবলিকেশনসহ) ও পৃষ্ঠার অধিক নয় ও সহ গবেষকদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত (১ পৃষ্ঠার অধিক নয়) সংযোজন করতে হবে।

ছ. স্নাতকোত্তর Thesis/Dessertation কোন ভাবেই গবেষণা প্রস্তাব হিসাবে গৃহীত হবে না।

জ. যে প্রতিষ্ঠানে গবেষণা করা হবে, সে প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে অনুমতি নিয়ে তা আবেদনের সাথে দাখিল করতে হবে।

ঝ. গবেষণা প্রস্তাবনা জমাদানের সময় নিজ প্রতিষ্ঠানের প্রধান হতে একটি প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

ঞ. গবেষণা প্রস্তাব প্রাথমিকভাবে নির্বাচিত হলে আবেদনকারীকে নিজ প্রতিষ্ঠানের IRB হতে প্রত্যয়নপত্র জমা দিতে হবে। অথবা প্রযোজ্য ক্ষেত্রে (নিজ প্রতিষ্ঠানে IRB না থাকলে) বিএমআরসি থেকে Ethical Clearance সনদ জমা দিতে হবে।

ট. প্রস্তাবিত গবেষণা অন্য কোন ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান থেকে কোন আর্থিক সাহায্য/ অনুদান প্রাপ্ত নয় এই মর্মে প্রধান গবেষক এর অঙ্গীকার নামা প্রদান করতে হবে।

ঠ. গবেষণা অনুদান পাঁচ লক্ষ টাকার অধিক হইবে না।

ড. ফাইনাল রিপোর্টসহ গবেষণার সকল কার্যক্রম ৩১ মে ২০২৫ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

#### ৩। আবেদন জমা দানের নিয়মাবলী:

ক. Research Protocol/গবেষণা প্রস্তাব এর ২টি হার্ড কপি (স্পাইরাল বাইন্ডিংকৃত) একটি প্লাস্টিক ক্রিমার ব্যাগ অথবা ফেন্ডারে রেখে সঙ্গে একটি সফটকপি (পেনড্রাইভ সহ) খামের ভিতরে জমা দিতে হবে।

খ. খামের উপরে প্রিন্সিপাল ইনভেস্টিগেটর (PI) এর নাম, মোবাইল নাম্বার ও গবেষণার Title উল্লেখ করতে হবে।